

🔳 আল-হুজুরাত | Al-Hujurat | الْحُجُرَات

আয়াতঃ ৪৯:১৫

💵 আরবি মূল আয়াত:

إِنَّمَا المُؤْمِنُونَ الَّذِينَ أَمَنُوا بِاللهِ وَ رَسُولِهِ ثُمَّ لَم يَرتَابُوا وَ جَهَدُوا بِاللهِ وَ رَسُولِهِ ثُمَّ لَم يَرتَابُوا وَ جَهَدُوا بِاللهِ وَ الفُسِهِم فِي سَبِيلِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللّهُ اللهُ ال

মুমিন কেবল তারাই যারা আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ঈমান এনেছে, তারপর সন্দেহ পোষণ করেনি। আর নিজদের সম্পদ ও নিজদের জীবন দিয়ে আল্লাহর রাস্তায় জিহাদ করেছে। এরাই সত্যনিষ্ঠ। — আল-বায়ান মু'মিন তারাই যারা আল্লাহ ও তাঁর রসূলের উপর ঈমান আনে, অতঃপর কোনরূপ সন্দেহ করে না, আর তাদের

মাল দিয়ে ও জান দিয়ে আল্লাহর পথে জিহাদ করে; তারাই সত্যবাদী। — তাইসিরুল

তারাই মু'মিন যারা আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ঈমান আনার পর সন্দেহ পোষণ করেনা এবং জীবন ও সম্পদ দ্বারা আল্লাহর পথে সংগ্রাম করে, তারাই সত্যনিষ্ঠ। — মুজিবুর রহমান

The believers are only the ones who have believed in Allah and His Messenger and then doubt not but strive with their properties and their lives in the cause of Allah. It is those who are the truthful. — Sahih International

১৫. তারাই তো মুমিন, যারা আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ঈমান এনেছে, তারপর সন্দেহ পোষণ করেনি এবং তাদের জীবন ও সম্পদ দিয়ে আল্লাহর পথে জিহাদ করেছে, তারাই সত্যনিষ্ঠ।

তাফসীরে জাকারিয়া

- (১৫) বিশ্বাসী তো তারাই, যারা আল্লাহ ও তাঁর রসূলের প্রতি বিশ্বাস স্থাপন করার পর সন্দেহ পোষণ করে না এবং নিজেদের সম্পদ ও জীবন দ্বারা আল্লাহর পথে সংগ্রাম করে। তারাই সত্যনিষ্ঠ। [1]
 - [1] তারা মু'মিন বা বিশ্বাসী নয়, যারা কেবল মুখেই ইসলাম প্রকাশ করে এবং উল্লিখিত আমলগুলার প্রতি কোন যতুই নেয় না।

তাফসীরে আহসানুল বায়ান



🛊 hadithbd.com — কুরুআন — আল-হুজুরাত। Al-Hujurat । اَلْحُجُرَات

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4627

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন